

জেলা শিক্ষা অফিস শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাঠ পর্যায়ের সেবামূলক প্রতিষ্ঠান। ১৯৬০ সালে জেলা শিক্ষা অফিসারের পদ সৃষ্টির পর থেকে মাধ্যমিক শিক্ষার গুণগত মানোন্নয়নে জেলা শিক্ষা অফিস গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। কুমিল্লা জেলার প্রাণকেন্দ্র কান্দিরপাড়ে জেলা শিক্ষা অফিস অবস্থিত। বর্তমানে এ জেলায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে ১০৮৪ (এক হাজার চুরাশি) টি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে।